দৈনিক ইত্তেফাক

তারিখ 13 JAN 1997
পৃষ্ঠা ১২ কলাম ৬

০৩

# বৃত্তির টাকার দাবীতে বিক্ষোভ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ১৯৯৪ সালে এইচ এস সি পরীক্ষায় বোর্ডের বৃত্তিপ্রাপ্ত মেধাবী ছাত্র-ছাত্রীরা বৃত্তির টাকার দাবীতে গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি'র নিকট একটি স্মারকলিপি পেশ করিয়াছে। এই সময় কয়েকজন ছাত্র রেজিষ্ট্রার বিল্ডিং-এর সম্মুখে একটি মাইক্রোবাস ভাংচুর করে। উহার পূর্বে দুপুরে ছাত্র-ছাত্রীরা বৃত্তির টাকার দাবীতে অপরাজেয় বাংলা হইতে একটি বিক্ষোভ মিছিল বাহির করে। মিছিলটি রেজিষ্ট্রার বিল্ডিং-এ আসিলে ভিসি অফিসের সম্মুখস্থ গেট বন্ধ করিয়া দেওয়া হয়। এই সময় উচ্ছৃংখল কয়েকজন ছাত্র গাড়ী ভাংচুর করে এবং গেট ভাঙ্গিবার চেষ্টা করে। ছাত্র-ছাত্রীরা অভিযোগ করে যে, ১৯৯৪ সালে এইচ এস সি পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী ছাত্র-ছাত্রীরা যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইয়াছে সেই প্রতিষ্ঠান হইতে তাহারা বৃত্তি পাইতেছে। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীরা বৃত্তির টাকা পাইতেছে না।

স্মারকলিপি প্রদানের পর ভিসি তাহাদের বৃত্তির টাকা প্রদানের আশ্বাস দেন।